

নিজে না হইও লোভী অর্থের উপর।
তাহা হ'লে করা হ'বে পর উপকার।।”
শুনিয়া গোলোক বড় হরষিত হ'য়ে।
সারিতে লাগিল ব্যাধি হরিনাম দিয়ে।।
অনেক লোকের ব্যাধি হইয়া মোচন।
হরিভক্ত হ'য়ে করে হরি-সংকীৰ্তন।।
রাউৎখামার আর মল্লকান্দী থাম।
চারিদিকে সব লোকে করে হরিনাম।।
এইরূপে ভক্ত সব হইতে হইতে।
প্রকাশ হইল ধর্ম দক্ষিণ দেশেতে।।
বর্ণি বাসুড়িয়া দলোণ্ডী আটজুড়ী।
পাটগাঁতী কলাতলা থাম বড়বাড়ী।।
গঙ্গাচর্ণা থাম মধ্যে শঙ্কুনাথ বাড়ী।
প্রহরাষ্ট থাকে তথা যেন 'বাসাবাড়ী'।
তাহাতে অনেক লোক হইল বিমনা।
অই বাড়ী ছেড়ে কেন গৌসাই নড়েনা।।
চারি যুগে সংকার্য্যে আছে বিড়ম্বন।
অনেকে ভাবেতে ফিরে অনেকের মন।।
ঠাকুর নিকটে সব নানা ভাবে কয়।
শঙ্কুনাথ ওড়াকান্দী হইল উদয়।।
ঠাকুর জিজ্ঞাসা করে 'গোলোক কি করে।
বিশ্বাস কি অবিশ্বাস তাহার উপরে।।'
শঙ্কু কহে বিশ্বাস করেছি আমি যারে।
আর নহে অবিশ্বাস করিব তাহারে।।'
ঠাকুর কহেন 'আর নাহি অবিশ্বাস।
কেটে গেছে বাছা তোর কন্মবন্ধ ফাঁস।।'
ঠাকুর বলেন 'মোরে যে দিয়াছে মন।
মোর মনে দোষকার্য্য করে না কখন।।'
প্রভু তবে পাগল গোলোকচাঁদে কয়।
'যা দেখি গোলোক তুই গঙ্গাচর্ণা গায়।।'
নিজামকান্দীর ভক্ত গোবিন্দ নামেতে।
সদাকাল থাকে সেই গোলোকের সাথে।।

তাহার নিকটে মহানন্দ জিজ্ঞাসিল।
ইতি উতি ভাবে কত অনেক কহিল।।
মহানন্দ কহে তাহা গোস্বামী পাগলে।
পাগল কহেন তবে মহানন্দ স্থলে।।
'আমাকে যাইতে সেই গঙ্গাচর্ণা থাম।
শ্রীমুখে বলেছে প্রভু থাকিয়া শ্রীধাম।।
সেই হ'তে যা'ব যা'ব ভাবিতেছি মনে।
না যাইয়া অপরাধী হৈনু প্রভুস্থানে।।
এই আমি চলিলাম ঠাকুরে ভাবিয়া।
যা' কর তা কর মম সঙ্গেতে থাকিয়া।।'
গোস্বামী চলিল তবে দিয়া হরিবোল।
শঙ্কুনাথ গৃহে গিয়া বসিল পাগল।।
গোস্বামীর শব্দ শুনি সে রাইচরণ।
প্রণমিয়া বলে চল আমার ভবন।।
শঙ্কুনাথ ভার্য্যা বসে পাগলের ঠাঁই।
'মা! মা! বলিয়া তারে ডেকেছে গৌসাই।।
পাগল বলেন 'যা'ব তোমার আলয়।
মা যদি করেন আজ্ঞা তবে যাওয়া যায়।।'
শুনিয়া রাইচরণ হইল উন্মনা।
● গৌসাই করি ফিরে এল পাগলে ডাকে না।।
বিমর্ষ হইয়া রাই নিজ গৃহে গেল।
চেয়ে দেখে গৃহ মধ্যে বসেছে পাগল।।
রাইচরণের ভার্য্যা কদমী নামিনী।
অপরে দোসরা তার নাম কাদম্বিনী।।
পাগলের নিকটেতে বসিয়া রয়েছে।
পাদধৌত করি সেবা সুশ্রুয়ায় আছে।।
তাহা দেখি রাই সুখী হইল সন্তোষ।
ঘুচে গেল মনেতে যা হ'য়েছিল দোষ।।
রাইচরণকে ডেকে কহিছে গৌসাই।
গোলোকেরে ডাকিয়া আনহ মম ঠাঁই।।
তাহা শুনি ভাবে রাই এ আর কেমন।
কীৰ্তনীয়া আসিবেক কিসের কারণ।।

● গৌসাই-রাগ, অসম্পূর্ণ হওয়া।